

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী


বিষয়: অথরিটির ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০১৮-১৯ অর্থবছরের ১১তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জাকের হোসেন, পরিচালক ও ইনোভেশন অফিসার, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
সভার তারিখ : ২৩শে মে, ২০১৯ ইং
সভার স্থান : অথরিটির ইনোভেশন অফিসারের কক্ষ
সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- “ক”

সভার শুরুতে ইনোভেশন অফিসার উপস্থিত অথরিটির ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানান। সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি এবং নতুন ইনোভেশন প্রস্তাব বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ইনোভেশন টিমের মাসিক অগ্রগতি প্রতিবেদন	ইনোভেশন বিষয়ক কার্যাবলীর মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাযথভাবে প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয়।	নিয়মিতভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতি সভায় আলোচনা করতে হবে এবং মন্ত্রণালয়ের যাচিত ছকে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।	ইনোভেশন টিম
২.	ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়ন	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় উপস্থাপিত বিষয়াদি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছকে অথরিটির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (পত্রের সূত্র নং- ৫৩.০৪.০০০০.০৭.০৫.০০১.১৮-২০৭৯; তারিখ-২৯/০৭/২০১৮ ইং)। উল্লিখিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম
৩.	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবনের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর আয়োজন	গত ১৬ মে, ২০১৯ তারিখে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবনের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর আয়োজনের বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের চিফ ইনোভেশন অফিসারের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অনুযায়ী আইডিয়া প্রদানকারী কর্মকর্তা/ইনোভেশন টিমের সদস্য/মেন্টর/মেন্টিদের মধ্য হতে ০৩ (তিন) জন সদস্যের নামে প্রেরণ করতে বলা হয়েছে। এ বিষয়ে আলোচনা করা হয়।	কার্যবিবরণীটির সিদ্ধান্ত অনুযায়ী অথরিটির পরিচালক ও ইনোভেশন অফিসার জনাব মোঃ জাকের হোসেন, সহকারী পরিচালক ও মেন্টি জনাব মোঃ আব্দুর রাজ্জাক এবং সহকারী পরিচালক, ইনোভেশন টিমের সদস্য সচিব ও মেন্টি জনাব সৈয়দ আশিক ইমতিয়াজ-কে মনোনয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম

সভায় আলোচনার জন্য আর কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


(মোঃ জাকের হোসেন)





পরিচালক ও ইনোভেশন অফিসার
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি





পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের তালিকা:

ক্র: নং	কর্মকর্তার নাম	পদনাম	কমিটি	স্বাক্ষর
১.	মোঃ জাকের হোসেন	পরিচালক ও ইনোভেশন অফিসার	ইনোভেশন অফিসার	
৩.	মুহাম্মদ শহিদুল ইসলাম	উপপরিচালক	সদস্য	
৪.	মোহাম্মদ আব্দুল মান্নান	উপপরিচালক	সদস্য	
৫.	জিনাত আমান বন্যা	সিনিয়র সহকারী পরিচালক	সদস্য	
৬.	সৈয়দ আশিক ইমতিয়াজ	সহকারী পরিচালক	সদস্য সচিব	